Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

৫৪শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১৮ই পৌষ বুধবার, ১৩৭৪ ইং 3rd Jan. 1964 | ৩২শ সংখ্যা।

রঘুনাথগঞ্জ শাখায়
মাত্র ৭৫৲ টাকায় রেডিও

বাকী টাকা কিস্তিতে দেয়

ইলেকট্রনিকের সকল রকম
ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের
বিশেষ কনশেসন

ধনরাজ [illegible] এণ্ড কোং
মুরারই বীরভূম
শাখা—রঘুনাথগঞ্জ মুশিদাবাদ পশ্চিমবঙ্গ

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুশিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।


সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ধুলা ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।




খাস জনতা
কেরোসিন কুকার

প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

এই তো খেলার দিন—
ক্রিকেট, ভলিবল, ব্যাডমিন্টন।
উল ও প্রসাধন সামগ্রী ইত্যাদি পাওয়া যায়।
পরীক্ষা প্রার্থনীয়।
কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ

স্টুডেন্টস ফেভারিট
স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৮ই পৌষ বুধবার সন ১৩৭৪ সাল।

# শূন্য এ বুকে পাখী মোর……

--০—

পথ চলিতে একটি কথা কানে গেল : ‘কলিজা-ডারে উপড়্যা লইল!’ ততটা গুরুত্ব না দিয়া আবার অগ্রসর হইতেই শুনিতে পাইলাম : ‘হাঁ ভেইয়া, কলিজা নিকাল দিয়া ওর একঠো ঘুঁসা দিয়া।’ এতক্ষণে বুঝিলাম যে বর্তমান বিশ্বের অন্যতম বিস্ময় সম্পর্কে এই আলোচনা। বিজ্ঞানের অগ্রগতির ক্ষেত্রে শল্যচিকিৎসা যেরূপ বিস্ময় সাধন করিয়াছে, তাহা সত্যই সকলকে চমৎকৃত করিয়াছে। তাই একজনের হৃৎপিণ্ড অপর জনের বুকে বসান হইতেছে।

গত ডিসেম্বর মাস হইতে এ পর্যন্ত চারিটি ক্ষেত্রে অস্ত্রোপচার করিয়া হৃৎপিণ্ড বসাইবার ব্যবস্থা করা হইয়াছে। ব্রুকলিন ( নিউইয়র্ক ) হাসপাতালে আড়াই সপ্তাহের এক শিশুর উপর অস্ত্রোপচার করিয়া হৃৎপিণ্ড সংস্থাপন করিলেন ডাঃ আদরিয়ান কামত্রোউইৎস। শিশুটি সাড়ে ছয় ঘণ্টা বাঁচিয়াছিল।

অনুসন্ধিৎসু মানুষ নিবৃত্ত হইবার নয়। আফ্রিকার কেপটাউনে শল্যচিকিৎসকগণ এই সাধনা শুরু করিলেন। ডাঃ ক্রিশ্চিয়ান বারনারডের নেতৃত্বে এই সাধনা। গত ডিসেম্বরের প্রথম সপ্তাহে লুই ওয়াসকানস্কির দেহে দুর্ঘটনায় নিহত এক তরুণীর হৃৎপিণ্ড বসান হয়। লুই ওয়াসকানস্কি প্রায় ১৯ দিন জীবিত ছিলেন। কিন্তু খোদার উপর খিদমদগারিতে খোদা নারাজ হইলেন। লুইকে বাঁচান গেল না। বিশ্বের দ্বিতীয় এই অস্ত্রোপচার। ডাঃ বারনারডের উপর প্রভূত সম্মান বর্ষিত হইল। তৃতীয় দফায় ইংরাজী নববর্ষের সূচনায় ডাঃ বারনারড অবসরপ্রাপ্ত দন্ত চিকিৎসক ডাঃ ব্লেইবারগের দেহে ক্লাইভ হাউপট নামক চব্বিশ বৎসর বয়স্ক এক কৃষ্ণকায় ব্যক্তির হৃৎপিণ্ড বসান হইল। ডাঃ ব্লেইবারগ সুস্থ আছেন। তিনি সুস্থ হোন এই কামনাই বিশ্ববাসী করিতেছেন।

এধারে ক্যালিফোনিয়া ষ্ট্যানফোরড বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্রের শল্যচিকিৎসক ডাঃ নরম্যান স্যামওয়ের নেতৃত্বে চুয়ান্ন বৎসরের এক ইস্পাতকর্মীর দেহে ৪৩ বৎসর বয়স্কা এক ভদ্রমহিলার হৃৎপিণ্ড বসান হইয়াছে। কিন্তু ইস্পাতকর্মী বাঁচিলেন না।

দেখা যাইতেছে, বক্ষঃস্থল ভিন্ন করিয়া হৃৎপিণ্ড অপসারণের একটা হিড়িক পড়িয়া গিয়াছে। প্রতিটি ক্ষেত্রেই কিন্তু সুস্থ হৃৎপিণ্ডের প্রয়োজন হইতেছে। তবে বহু দেশের চিকিৎসকগণ হৃৎপিণ্ড অপসারণের ব্যাপারে এখনও সম্পূর্ণ আশ্বাস দিতে পারিতেছেন না। বানর, শূয়োরের হৃৎপিণ্ডও নরদেহে বসান যায় বলিয়া অনেকে মনে করিতেছেন।

যাই হোক, হৃৎপিণ্ড অপসারণের অস্ত্রোপচার যদি সর্বাঙ্গীণ সাফল্য লাভ করে, তবে করোনারি থ্রম্বসিস নামক আজকালকার মারাত্মক ব্যাধির হাত হইতে মানুষ পরিত্রাণ পাইবে। আর এইজন্য আকস্মিক দুর্ঘটনাজনিত প্রায় মৃত ব্যক্তির সন্ধানও চলিবে পুরাদস্তর। তখন হৃদরোগীর শূন্য বুকে প্রাণপাখী আবার ফিরিয়া আসিবে। টিয়ার খাঁচায় ময়না আসিবে, ময়নার খাঁচায় টিয়া। বর্ণবিদ্বেষের রক্তক্ষয়ী সুদীর্ঘ সংগ্রামের শেস হইবার দিন তবুও কি আসিবে না?


## বই

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের প্রকাশিত ইংরাজী পাঠ্য বই ও পারিজাত রীডার ( ২য় ) আমরা অনুমোদিত পাইকারী বিক্রেতা। অনুমোদিত খুচরা বিক্রেতাগণ সত্বর উক্ত বই দুইখানি আমাদের নিকট হইতে সংগ্রহ করুন।

**নতুন পাঠ্য তালিকার সব বই**
**সব চেয়ে সুবিধায় কিনুন।**

**ষ্টুডেন্টস্ ফেভারিট,** রঘুনাথগঞ্জ


## গিরিজাশঙ্কর সঙ্গীত মহাবিদ্যালয়

—০—

বিগত ২৫শে ডিসেম্বর, ১৯৬৭ সকাল ৯টায় ও সন্ধ্যা ৬টায় বহরমপুরের প্রখ্যাত সাংস্কৃতিক সংস্থা ‘রূপশিল্পী’র নিরীক্ষামঞ্চ ‘লীলা’য় রূপশিল্পী পরিচালিত গিরিজাশঙ্কর সঙ্গীত মহাবিদ্যালয়ের উদ্বোধন ও সঙ্গীতানুষ্ঠান অনুষ্ঠিত হয়। প্রাতঃকালীন ও সান্ধ্য অনুষ্ঠানের সভাপতি ও প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন যথাক্রমে স্থানীয় বিশিষ্ট সঙ্গীতবিদ্ সর্বশ্রী গোপাল মজুমদার, শ্যাম গঙ্গোপাধ্যায়, অনিল রায়, শৈলেশ রাহা। উভয় অনুষ্ঠানের প্রারম্ভে সংস্থার সম্পাদক শ্রীঅনিলকুমার দত্ত মহাবিদ্যালয়ের উদ্দেশ্য, শিক্ষাক্রম, কর্মসূচী ও মুর্শিদাবাদের সাঙ্গীতিক ঐতিহ্যের পর্য্যালোচনা করেন। সংস্থার সভাপতি শ্রীরবীন্দ্রনাথ রায়, অন্যতম সহ-সভাপতি শ্রীকমল বন্দ্যোপাধ্যায় ও শ্রীশৈলেন ভট্টাচার্য্য সংস্থার পক্ষ থেকে এই মহাবিদ্যালয়ের উদ্দেশ্য ও ৺গিরিজাশঙ্করের সাঙ্গীতিক বিকাশের আলোচনা করেন। উভয় অনুষ্ঠানের সভাপতি ও প্রধান অতিথিগণ রূপশিল্পীর এই প্রচেষ্টাকে সাধুবাদ জানিয়ে তাঁদের সহযোগিতা প্রদানের প্রতিশ্রুতি দেন। ঐ দিন সকালবেলার সঙ্গীতানুষ্ঠানে অংশ গ্রহণ করেন সর্বশ্রী চণ্ডী বন্দ্যোপাধ্যায় ( তবলা লহড়া ), মীরা ঘোষ ( ঠুংরী ), অরুণ ভাদুড়ী ( খেয়াল ও ঠুংরী ), দিলীপ বিশ্বাস ( রবীন্দ্র-সঙ্গীত ) ও সাধন প্রামাণিক ( গীটার )। অনুষ্ঠানে তবলা সঙ্গত করেন শ্রীনিত্য সাহা।

সান্ধ্য সঙ্গীতানুষ্ঠানে অংশগ্রহণ করেন সর্বশ্রী সাধন প্রামাণিক ( গীটার ), শুভাংশু চক্রবর্ত্তী ( অতুলপ্রসাদী ও নজরুল গীতি ), নারায়ণ দাস ( বাউল ও কুচবিহারী চটকা ), চৈতালী রাহা ( রবীন্দ্র-সঙ্গীত ), শ্যামল সেনগুপ্ত ( রাগপ্রধান ) ও বুদ্ধদেব বন্দ্যোপাধ্যায় ( খেয়াল ও ঠুংরী )। সান্ধ্য অনুষ্ঠানে তবলা সঙ্গত করেন শ্রীচণ্ডী বন্দ্যোপাধ্যায়। সমগ্র অনুষ্ঠান মার্জিত, সুন্দর ও উপভোগ্য হয়েছে।

—

## বন্দেমাতরম্

—•—

বন্দে মাতরম্।
সুজলাং সুফলাং মলয়জ-শীতলাং
শস্যশ্যামলাং মাতরম্।

শুভ্র-জ্যোৎস্না-পুলকিত যামিনীং,
ফুল্লকুসুমিত-দ্রুমদল-শোভিনীং,
সুহাসিনীং সুমধুরভাষিণীং
সুখদাং বরদাং মাতরম্।

সপ্তকোটিকণ্ঠ-কলকলনিনাদ-করালে,
দ্বিসপ্তকোটিভুজৈর্ধৃত-খরকরবালে,
অবলা কেন মা এত বলে !

বহুবলধারিণীং নমামি তারিণীং
রিপুদলবারিণীং মাতরম্।

তুমি বিদ্যা, তুমি ধর্ম্ম,
তুমি হৃদি, তুমি মর্ম্ম,
ত্বং হি প্রাণাঃ শরীরে।

বাহুতে তুমি মা শক্তি,
হৃদয়ে তুমি মা ভক্তি,
তোমারই প্রতিমা গড়ি
মন্দিরে মন্দিরে।

ত্বং হি দুর্গা দশপ্রহরণধারিণী,
কমলা কমলদলবিহারিণী,
বাণী বিদ্যাদায়িনী,
নমামি ত্বাম্।

নমামি কমলাং অমলাং অতুলাং
সুজলাং সুফলাং মাতরম্,
বন্দে মাতরম্।

শ্যামলাং সরলাং সুস্মিতাং ভূষিতাং
ধরণীং ভরণীং মাতরম্।

—বঙ্কিমচন্দ্র

———

## বন্দেমাতরম্
## আধুনিক সংস্করণ

—০—

নির্জলাং নিষ্ফলাং শবসম শীতলাং
শস্যবিহীনাং মাতরম্।

দস্যুতস্কর পূরিত যামিনীং
ফল ফুল বিহীন নীরস দ্রুম-শোভিনীং
ক্রন্দন-বিষাদ-কাতর-ভাষিণীং মাতরম্॥

কোটি কোটি কণ্ঠ ঘর ঘর নিনাদ অকালে,
কোটি কোটি ভুজ শুষ্ক অনশন করালে,
সবলা কে মা তোরে বলে,

বহুবল ধারিণীং নমামি দুখিনীং
রিপুদল বন্ধিনীং মাতরম্।

তুমি বৃদ্ধা, তুমি অক্ষম,
তুমি ব্যাধি, তুমি মরণং

ত্বং হি প্রাণহীনা শরীর
বাহুতে তুমি মা টীকা,
হৃদয়ে তুমি মা ভূঁখা
তোমার প্রতিমা ভগ্ন মন্দিরে মন্দিরে,

ত্বং হি দুর্গা মৃন্ময় রূপিনীং
কৃপাকণা বঞ্চিতা কমলদল বাসিনীং
মূকং বধিরাং নমামি ত্বাং
নমামি দীনাং হীনাং
অকুলাং ব্যাকুলাং দলিতাং মাতরম্।

শুষ্কাং শীর্ণাং, বিষাদিতাং রিক্তাং
ধরণীং হরণী মাতরম্।

———


## গৃহ নির্ম্মাণ উপযোগী জমি বিক্রয়

রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্কের দক্ষিণে ফুটবল মাঠ সংলগ্ন দশ কাঠা জমি বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন। শ্রীবলরাম সাহা

মিঞাপুর চাউলের আড়ত।


## মিলনীর প্রতিষ্ঠা দিবস

গত ২৬শে নভেম্বর সন্ধ্যায় স্থানীয় মিউনিসিপ্যাল হলে রঘুনাথগঞ্জ 'মিলনী' সাংস্কৃতি সংঘের প্রতিষ্ঠা দিবস পালিত হয়। এই উপলক্ষে একটি মনোজ্ঞ অনুষ্ঠান জঙ্গিপুর কলেজের অধ্যক্ষ শ্রীজগদানন্দ দত্ত মহাশয়ের সভাপতিত্বে এই সংস্থার মাসিক মুখপত্র 'মিলনী' প্রকাশিত হয়। পত্রিকার সম্পাদক ও সহ-সম্পাদক সর্বশ্রী আশিস রায়, হরিলাল দাস, মানস রায় ও বীরেন সাধু পত্রিকায় যথেষ্ট রুচিশীলতার পরিচয় দেন। অনুষ্ঠানে বিভিন্ন সঙ্গীত ও আবৃত্তিতে শ্রীমতী মায়া বাগচী, মিতা রায়, মৈত্রেয়ী ব্রহ্ম, স্বপ্না চক্রবর্ত্তী, দ্বিপা ধর, শ্রীদুর্গাপ্রসাদ চট্টোপাধ্যায়, সত্য দাস, রাসবিহারী বন্দ্যোপাধ্যায়, রথীন্দ্র সিংহ রায়, সুনীল চক্রবর্ত্তী ও ধীরেন দাস অংশ গ্রহণ করেন। স্বরচিত প্রবন্ধের কিছু অংশ পাঠ করেন শ্রীমতী কৃষ্ণা দাস, আলোচনায় অংশ গ্রহণ করেন শিক্ষক সাহিত্যিক শ্রীসত্যেন্দ্র বড়াল ও সভাপতি শ্রীদত্ত সমাগত সুধীবৃন্দকে মুগ্ধ করেন।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১২ই ফেব্রুয়ারী, ১৯৬৮

১৯৬৬ সালের ডিক্রীজারী

২৯ মনি ডিঃ সরস্বতীবালা দাস দেং সোলিমুদ্দিন সেখ দাবি ২৩৩৯.৪৫ পয়সা থানা সুতি মৌজে নয়া-বাহাদুরপুর ৩-১২ শতকের কাত ১০.৮৬ পয়সা তন্মধ্যে ১-৩৬ শতক হারাহারি খাজনা ৪.৬৫ পয়সা আঃ ১২০০৲ খং ১০৮৪ ২নং লাট মৌজাদি ঐ ১-৬২ শতকের কাত ৪.৮১ পয়সা তন্মধ্যে ৯৬ শতক জমির জমা ২.২৫ পয়সা আঃ ৯০০৲ খং ৭৬০

* উপরের ২৯ মনি/৬৬ জারী গত ১৩ই ডিসেম্বর '৬৭ সালের "জঙ্গিপুর সংবাদে" ছাপান হইয়াছিল। দাবি ২৩৩৯.৪৫ স্থলে ভুলক্রমে ১৩৩৯.৪৫ ছাপা হওয়ায় উহা পুনরায় ছাপান হইল।

১৯৬৭ সালের ডিক্রীজারী

২২ মনি ডিঃ দামোদর দাস দেং নিমাই সেখ দাবি ২৫৪.৮১ পয়সা থানা সুতি মৌজে মহেশাইল ৩৩ শতক জমির হারাহারি জমা ৮০ পয়সা আঃ ১০০৲ রায়ত স্থিতিবান স্বত্ব খং ৮৭২, ৬৬৯



**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

**সি, কে, সেনের**

# আমলা কেশ

**সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,**
**জবাকুসুম হাউস, কলিকাতা-১২**

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন**, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |

## আর. পি ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য **আর. পি. ওয়াচ কোং** র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

দাঁত তোলানোর ও বাঁধানোর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## ডেণ্টাল ক্লিনিক

ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামাণিক, ডেণ্টাল সার্জ্জেন

পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

***ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের***

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ



***জঙ্গিপুর সংবাদ*** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ৩'০০তিন টাকা অগ্রিম দেয়, প্রতি সংখ্যা দশ পয়সা

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ পয়সা। প্রতিবার প্রতি সেণ্টিমিটার ১'০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)